# আর-রুম | Ar-Rum | ٱلرُّوم

আয়াতঃ ৩০ : ১৪

## আরবি মূল আয়াত:

وَ یَوۡمَ تَقُوۡمُ السَّاعَۃُ یَوۡمَئِذٍ یَّتَفَرَّقُوۡنَ ﴿۱۴﴾

## অনুবাদসমূহ:

আর যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন তারা বিভক্ত হয়ে পড়বে। — আল-বায়ান

যেদিন ক্বিয়ামত সংঘটিত হবে সেদিন মানুষরা পৃথক হয়ে যাবে। — তাইসিরুল

যেদিন কিয়ামাত সংঘটিত হবে সেদিন মানুষ বিভক্ত হয়ে পড়বে। — মুজিবুর রহমান

And the Day the Hour appears - that Day they will become separated. — Sahih International

১৪. আর যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন তারা বিভক্ত হয়ে পড়বে।

-

তাফসীরে জাকারিয়া

(১৪) যেদিন কিয়ামত হবে সেদিন মানুষ বিভক্ত হয়ে পড়বে। [1]

[1] এর অর্থ এ নয় যে, প্রত্যেকে এক অপর থেকে আলাদা হবে; বরং এর অর্থ হল মু’মিন ও কাফের আলাদা হয়ে যাবে। মু’মিনরা জান্নাতে এবং কাফের ও মুশরিকরা জাহান্নামে চলে যাওয়ার পরে এক অপর থেকে চিরদিনের জন্য বিভক্ত ও পৃথক হয়ে যাবে এবং কক্ষনো তারা একত্রিত হবে না। আর তা হবে হিসাবের পর। সুতরাং এই বিভক্ত ও পৃথক হওয়ার কথাই পরের আয়াতগুলিতে পরিষ্কারভাবে বলা হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3423

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন